মুজিবনগরের কোমরপুর পুলিশ ক্যাম্প পরিদর্শন করলেন পুলিশ সুপার

মেহেরপুরের মুজিবনগর থানাধীন কোমরপুর পুলিশ ক্যাম্পের বার্ষিক পরিদর্শন করেছেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী।

পরিদর্শনকালে তিনি ক্যাম্পে কর্মরত অফিসার ও ফোর্সদের সঙ্গে মতবিনিময় করেন এবং ক্যাম্প এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

এ সময় পুলিশ সুপার মাদক, অস্ত্র, চোরাচালান উদ্ধার এবং বিভিন্ন মামলার ওয়ারেন্ট তামিলের লক্ষ্যে নিয়মিত পুলিশ অভিযান ও চেকপোস্ট পরিচালনার নির্দেশনা দেন।

চুয়াডাঙ্গার হিজলগাড়ী পুলিশ ক্যাম্পের এস আই ক্লোজড: তদন্ত কমিটি গঠন

চুয়াডাঙ্গার হিজলগাড়ী ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই শেখ রকিবুল ইসলামের বিরুদ্ধে অর্থবানিজ্যের গুরুত্বর অভিযাগ উঠেছে। অভিযোগের সত্যতা মেলায় অভিযুক্ত পুলিশ অফিসারকে পুলিশ লাইনে ক্লোজড করা হয়েছে। এদিকে রকিবুল ইসলামের ক্লোজের খবর এলাকায় ছড়িয়ে পড়লে ক্যাম্পে দায়িত্ব পালন কালিন সময়ের বিভিন্ন কর্মকাণ্ড নিয়ে বইছে আলোচনা সমালোচনা। সেই সাথে অভিযুক্ত এসআই রকিবুল ইসলামকে হিজলগাড়ী ক্যাম্প থেকে ক্লোজড করায় এলাকাবাসি চুয়াডাঙ্গা পুলিশ সুপারকে সাধুবাদ জানিয়ছেন।

চুয়াডাঙ্গা সদর উপজলার নেহালপুর ইউনিয়নের নেহালপুর স্কুল পাড়ায় কালুর বাড়িতে গত শুক্রবার ঢাকা ধামরাইয়ের মধুডাঙ্গা থেকে

এদিকে হিজলগাড়ী ক্যাম্প থেকে আলোচিত ক্যাম্প ইনচার্জকে প্রত্যাহার করে নেওয়ায় চুয়াডাঙ্গা পুলিশ সুপারকে সাধুবাদ জানিয়েছে এলাকাবাসি।

এব্যাপারে চুয়াডাঙ্গার পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন বলেন, এসআই রকিবুল ইসলামকে ক্যাম্প থেকে প্রত্যাহার করা হয়েছে এবং তদন্ত কমিটি গঠণ করা হয়েছে। তদন্ত পূর্বক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের অভিযান গ্রেফতার ১

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের মাদক বিরোধী অভিযান পরিচালন করে বুপ্রেনরফেইন ইনজেকশনসহ এক মাদক কারবারিকে গ্রেফতার করেছে।

দামুড়হুদা মডেল থানা মোঃ আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই (নিঃ) ইমরান হোসেন, এএসআই (নি:) মোঃ মসলেম উদ্দিন, সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে।

গোপন সংবাদের ভিত্তিতে অদ্য (০৬ অক্টোবর) বেলা সাড়ে ১১ টার সময় দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা গ্রামস্থ জনৈক আব্দুল আলিম এর পরিত্যাক্ত মুদি দোকানের সামনে কার্পাসডাঙ্গা হইতে সুবলপুর গামী পাকা রাস্তার উপর হতে ধৃত আসামী মোঃ সাইফুল ইসলাম(৪২) পিতা- মৃত রমজান আলী, সাং- (ঝিনাইদহ বাসস্টান্ড পাড়া) থানা-সদর, বুপ্রেনরফেইন ইনজেকশন বহন করার সময় একটি FREEFOM মোটরসাইকেল এবং ৪০০(চারশত) পিচ বুপ্রেনরফেইন ইনজেকশন সহ হাতেনাতে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

[redacted]

[redacted]

[redacted]-[redacted]

[redacted]:

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের অভিযানে গাজাসহ গ্রেফতার ১

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা সুবলপুর রোডে দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবিরের নির্দেশে একটি মাদকবিরোধী অভিযান চালায় কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এসএই ইমরান হোসেন ও এ এস আই মোসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে সুবলপুর রোডে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায়।

এই অভিযানের সময় মেহেদী পিতা কায়ছার আলী ক্রোকারিজের দোকানের সামনে পাটাচোরা টু সুবলপুর রোডে পাকা রাস্তার উপর হইতে আজ বুধবার সন্ধা ৬ টা ৩০ মিনিটে একটি পফর ও এক কেজি গাজা সহ আবুল কালাম (৩৮) পিতা আকমান’কে গ্রেফতার করেন ।

গ্রেফতারকৃত আসামিকে দামুড়হুদা মডেল থানায় আজই সোপর্দ করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে বলে জানান পুলিশ।

বামন্দী পুলিশ ক্যাম্পের অভিযানে সাত জুয়াড়ী আটক

গাংনীতে অভিযান চালিয়ে ৭ জুয়াড়ীকে আটক করেছে বামন্দী পুলিশ ফাড়ির সদস্যরা।

শুক্রবার বেলা সাড়ে ৩টার দিকে বামন্দী পুলিশ ক্যাম্পের সদস্যরা গাংনী উপজেলার নওদা-মটমুড়া গ্রামে জুয়ার আসরে অভিযান চালিয়ে তাদের আটক করেন। এসময় তাদের কাছ থেকে নগদ ১২ হাজার ৩৬০ টাকা ও জুয়া খেলার তাস উদ্ধার করা হয়েছে।

বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই ইসরাফিল জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে গাংনী উপজেলার মুটমুড়া ইউনিয়নের নওদা মটমুড়া

গ্রামের একটি রাইসমিলের মধ্যে জুয়া খেলা হচ্ছে। সঙ্গীয় পুলিশ সদস্যদের নিয়ে অভিযান চালিয়ে জুয়া খেলার সময় ৭ জনকে আটক করা হয়েছে।

আটক কৃতরা হলো, গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামের মুনছুর আলীর ছেলে মুনতাজ আলী, কালি গাংনীর আবুল কাশেমের ছেলে মানিক হোসেন, রামনগর গ্রামের আজমত আলীর ছেলে হাফিজুর রহমান, গাংনী বাজার পাড়ার আব্দুর রাজ্জাকের ছেলে বাদশা, রামনগর গ্রামের খেজমত আলীর ছেলে আশাদুল হক, চরগোয়াল গ্রামের সামছদ্দিন মন্ডলের ছেলে ইনজাল হোসেন ও সদর উপজেলার মদনা গ্রামের আবুল হোসেনের ছেলে জাফর আলী। আটক কৃতদের বিরুদ্ধে মামলা শেষে আদালতে প্রেরন করা হবে।